



Immigration Advice Authority



অভিবাসন সংক্রান্ত পরামর্শ চাইছেন? আইএএ (IAA) আপনাকে সাহায্য করতে পারে।

যদি কেউ অভিবাসন সংক্রান্ত পরামর্শ বা পরিষেবা প্রদান করে, তাকে অবশ্যই সঠিকভাবে নিয়ন্ত্রিত হতে হবে। **ইমিগ্রেশন অ্যাডভাইস অথরিটি (IAA)** অভিবাসন সংক্রান্ত পরামর্শদাতাদের জন্য একটি আচরণবিধি নির্ধারণ করে, এবং যদি কোনো ভুল হয় তারা আপনার হয়ে অভিযোগের তদন্ত করতে পারে।

আপনি যে অভিবাসন সংক্রান্ত বিশ্বাসযোগ্য, পেশাদার পরামর্শ পাচ্ছেন তা নিশ্চিত করতে, সবসময় যাচাই করে নিন যে, আপনার পরামর্শদাতা IAA-তে নিবন্ধিত রয়েছে কি না বা আমাদের মাধ্যমে একজন নিয়ন্ত্রিত পরামর্শদাতা সন্ধান করুন।

একজন IAA-নিবন্ধিত পরামর্শদাতা খুঁজে নিন

আপনি gov.uk/iaa -এ গিয়ে একজন নিবন্ধিত অভিবাসন সংক্রান্ত পরামর্শদাতাকে খুঁজে পেতে পারেন।

ইমিগ্রেশন অ্যাডভাইস অথরিটি (IAA) কারা?

IAA হল একটি সংস্থা, যা অভিবাসন সংক্রান্ত পরামর্শদাতাদের নিয়ন্ত্রণ করে এবং অভিবাসন সংক্রান্ত পরামর্শ ক্ষেত্র জুড়ে সর্বোত্তম অনুশীলনকে তুলে ধরে। আমাদের সাথে নিবন্ধিত হওয়ার জন্য, একজন পরামর্শদাতাকে প্রমাণ করতে হবে যে, তিনি আমাদের আচরণবিধি পূরণ করেন এবং সেই মানগুলি বজায় রাখেন।

ইউকে (UK)-তে সঠিকভাবে নিয়ন্ত্রিত না হয়ে অভিবাসন সংক্রান্ত পরামর্শ দেওয়া বেআইনি। যারা তা করছে তারা ঝুঁকিপূর্ণ মানুষদের আরো বিপদের মধ্যে ফেলছে এবং অভিবাসন ব্যবস্থাকে ক্ষতিগ্রস্ত করছে। আইন ভঙ্গকারী পরামর্শদাতাদের বিরুদ্ধে IAA-এর ব্যবস্থা নেওয়ার ক্ষমতা রয়েছে।



একজন পরামর্শদাতা সম্পর্কে অভিযোগ জানান

যদি আপনার খারাপ অভিজ্ঞতা হয়ে থাকে, আমরা এই সম্পর্কে জানতে চাই, যাতে আমরা বিষয়গুলিকে ঠিক রাখতে সাহায্য করতে পারি। আপনি IAA-তে এই বিষয়গুলি সম্পর্কে অভিযোগ করতে পারেন:

- IAA-তে নিবন্ধিত একজন পরামর্শদাতার কাছ থেকে আপনি খারাপ পরিষেবা পেয়েছেন, যেমন বিভ্রান্তকৃত হওয়া, অতিরিক্ত চার্জ নেওয়া, খারাপ গ্রাহক পরিষেবা, খারাপ পরামর্শ বা আপনার প্রয়োজনে সাড়া দিতে ব্যর্থ হওয়া
- আপনার একজন অনিয়ন্ত্রিত ব্যক্তির কাছ থেকে অভিবাসন সংক্রান্ত পরামর্শ পাওয়া

এছাড়াও আপনি কাউকে আপনার হয়ে অভিযোগ করতে বলতে পারেন, যেমন একজন বন্ধু, আইনজীবী বা স্বেচ্ছাসেবী সংস্থা।

আমাদের ওয়েবসাইট দেখার জন্য
এখানে ক্লিক করুন



কীভাবে আমাদের সাথে যোগাযোগ করবেন

একটি অভিযোগ করতে, বা শুধু একটি সাধারণ উদ্বেগ সম্পর্কে জানাতে, IAA এর সাথে যোগাযোগ করার বিভিন্ন উপায় রয়েছে:

 gov.uk/iaa -এ যান

 ই-মেলে info@immigrationadviceauthority.gov.uk